

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং ২(৪)-মূসক নীঃ বাঃ/৯৫/১৮৭

তারিখ: ১০/০৬/১৯৯৯

বিষয়: ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের মূল্য ঘোষণা গ্রহণ প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩ এ প্রতিটি করযোগ্য পণ্য উৎপাদনকারীকে উৎপাদিত পণ্যের মূল্য ঘোষণা প্রদানের বিধান রয়েছে। দাখিলকৃত মূল্য, মূল্য সংযোজন কর আইনের ধারা-৫ এর সাথে সংগতিপূর্ণ কিনা তা পরীক্ষা করারও বিধান রয়েছে।

২। ঔষধের মূল্য নির্ধারণ করার জন্য ঔষধ প্রশাসন পরিদপ্তর ক্ষমতাপ্রাপ্ত সরকারি প্রতিষ্ঠান। বাংলাদেশের অভ্যন্তরে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মূল্য ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক নির্ধারণ করা হয়। বর্ণিত প্রেক্ষাপটে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত মূল্যে, মূল্য ঘোষণা প্রদান করা হলে তা মূল্য সংযোজন কর আইনের ৫(২) ধারার সাথে সংগতিপূর্ণ কিনা পরীক্ষা ব্যতিরেকে মূসক আরোপের ভিত্তিমূল্য হিসাবে গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

পিয়ুষ কান্তি নাথ
দ্বিতীয় সচিব (মূসক)